

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৩০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে সূর্য গ্রহণের সালাতের কথা উল্লেখ করলাম, সেই সালাত আদায়কারী ব্যক্তির জন্য বৈধ আছে তিনি প্রথম রাকা আতে যে সূরা পড়বেন, দ্বিতীয় রাকা আতে অন্য সূরা পড়বেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصلِّي صلَاةَ الْكُسُوفِ الَّتِي ذَكَرْنَاهَا لَهُ أَنْ يَقْرَأَ فِي الرَّكْعَةِ التَّانِيَةِ غَيْرَ السُّورَةِ الَّتِي قَرَأَهَا فِي الرَّكْعَةِ الْأُولَى

আরবী

2830 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّتَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ وَلَكُ وَلَّا عَنْ عُرُوةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: انْكَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الصَّلَاةِ مَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الصَّلَاةِ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الصَّلَاةِ فَقَرَأً بِسُورَةٍ طَوِيلَةٍ ثُمَّ رَكَعَ نَحْوًا مِنْ قِيَامِهِ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَافْتَتَحَ بِسُورَةٍ أُخْرَى حَتَّى إِذَا فَوَرَأَ بِسُورَةٍ طَوِيلَةٍ ثُمَّ رَكَعَ نَحْوًا مِنْ قِيَامِهِ ثُمَّ رَفَعَ رَأْسَهُ وَسَجَدَ ثُمَّ قَامَ إِلَى الرَّكْعَةِ الثَّانِيَةِ فَقَرَأً أَيْضًا بِسُورَةٍ فَوَا مَنْ مَنْ الْقِرَاءَةِ الْأُولَى ثُمَّ رَكَعَ فَكَانَ رُكُوعُهُ دُونَ الْأُولِ ثُمَّ سَجَدَ فَلَمَّا رَفَعَ رَأُسَهُ مِنَ السَّجُودِ قَالَ: (مَا مِنْ شَيْءٍ تُوعدونه إِلَّا وَقَدْ رَأَيْتُهُ فِي مَقَامِي هَذَا وَلَقَدْ رَأَيْتُهُ مِنَ السَّجُودِ قَالَ: (مَا مِنْ شَيْءٍ تُوعدونه إِلَّا وَقَدْ رَأَيْتُهُ فِي مَقَامِي هَذَا وَلَقَدْ رَأَيْتُهُ مِنَ الْجُودِ قَالَ: (مَا مِنْ شَيْءٍ تُوعدونه إِلَّا وَقَدْ رَأَيْتُهُ فِي مَقَامِي هَذَا وَلَقَدْ رَأَيْتُهُ مِنَ السَّهُ مِنَ الْجَنَّةِ حِينَ رَأَيْتُهُ مُنِي أَتَقَدَّمُ وَلَقَدْ رَأَيْتُهُ فِي مَقَامِي هَذَا وَلَقَدْ رَأَيْتُهُ مِنَ الْبَعْضَلُا حِينَ أَلْتُهُ وَلَا عَلَى مَنْ الْجَنَّةِ عَمْنُ الْمَعْنَا عَلَى مَا الْمَعْنَا عَلَى السَالِهُ اللَّهُ اللَّهُ مِنْ اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ الْمَوْدِ أَلَى اللَّهُ الْمَالِهُ اللَّهُ اللَّهُ عَلَى اللَهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَيْهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ الل

বাংলা

২৮৩০. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সময়ে একবার সূর্য গ্রহণ হলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে দাঁড়ান। তিনি দীর্ঘ সূরা পাঠ করেন।



তারপর তিনি কিয়ামের মতো লম্বা রুকু' করেন। তারপর তিনি রুকু' থেকে মাথা উত্তোলন করেন। তারপর তিনি আরেকটি সূরা পাঠ শুরু করেন। যখন তিনি পাঠ শেষ করেন, তখন রুকু' করেন, তখন দ্বিতীয় রুকু' করেন। তারপর তিনি রুকু' থেকে মাথা উত্তোলন করেন অতঃপর সাজদা করেন। তারপর তিনি দ্বিতীয় রাকা'আতের জন্য দাঁড়ান এবং দাঁড়িয়ে আরেকটি সূরা পাঠ করেন, তবে সেটা প্রথম কিরা'আত অপেক্ষা ছোট। তারপর তিনি রুকু' করেন, তবে সেটা প্রথম রুকু' অপেক্ষা ছোট। তারপর সাজদা করেন। অতঃপর যখন সাজদা থেকে মাথা উত্তোলন করেন, তখন তিনি বলেন, "যেসব জিনিস তোমাদের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, তার সবকিছু আমাকে এই জায়গায় দেখানো হয়েছে। আমি জায়াতের এক থোকা ফল নিতে চেয়েছিলাম, যখন তোমরা আমাকে দেখেছো যে, আমি সামনে অগ্রসর হচ্ছি। অবশ্যই আমি জাহায়ামকে দেখেছি, তার একাংশ আরেক অংশকে আঘাত করছে, এটা আমি দেখেছি, যখন তোমরা আমাকে দেখেছো যে, আমি পিছু হটছি। আমি জাহায়ামে আমর বিন লুহাইকেও দেখেছি। সে হলো ঐ ব্যক্তি যে, সায়িবা (প্রতিমার নামে প্রাণী ছেড়ে দেওয়া) এর প্রচলন করেছিল।"[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১২১২; সহীহ মুসলিম: ৯০১; নাসাঈ: ৩/১৩০-১৩২; দারাকুতনী: ২/৬৩; আবূ দাউদ: ১১৮০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০৭১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন